

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়  
কৃষি বিপণন অধিদপ্তর  
চুয়াডাঙ্গা।

[www.amo.chuadanga.gov.bd](http://www.amo.chuadanga.gov.bd)

জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়ের মার্চ/২৪ খ্রিঃ মাসের ইন- হাউজ প্রশিক্ষণের সভার কার্যবিবরণী

সভাপতিঃ	মোহাফিজ সহিদুল ইসলাম
	কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ), চুয়াডাঙ্গা
সভার স্থানঃ	কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, চুয়াডাঙ্গা।
সভা অনুষ্ঠানের তারিখঃ	২৫ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ।
সময়ঃ	১০.৩০ ঘটিকা।
উপস্থিতিঃ	পরিশিষ্ট “ক”


উপস্থিত সকল সদস্যকে সভাপতি মহোদয় শাগত জানান। অতঃপর বিগত সভার আলোচ্যসূচী তুলে ধরা হয় এবং সভার কাজ আরম্ভ করা হয়।

নিয় প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সহনীয় রাখার জন্য বাজার মনিটরিং বিষয়ে আলোচনাঃ নিয় প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে খাদ্যশস্যের বাজার দর নিয়মিত মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। ক্রয়কৃত মূল্যের চেয়ে অধিক লাভ রেখে বিক্রয় করলে জেলা প্রশাসকের সার্বিক সহযোগিতায় আইনের ব্যবস্থা নেওয়া হবে এবং অসাধু পাইকারী ও খুচরা বিক্রেতাদের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এ বিষয়ে আলোচনা করা হয়। কৃষি বিপণন আইন ১২০১৮ এর ৪ (৩) ধারা এর ক্ষমতা বলে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২৯ টি নিয় প্রয়োজনীয় কৃষিপণ্যের যৌক্তিক খুচরা মূল্য অনুযায়ী ক্রয় বিক্রয় করার জন্য ব্যবসায়ীদেরকে তাগিদ দেওয়ার বিষয়ে আলোচনা করা হয় এবং ব্যবসায়ী ও সাধারণ ভোক্তাগণের মাঝে ২৯ টি পণ্যের লিফলেট বিতরণ ও ব্যাপক প্রচার প্রচরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে কৃষি বিপণন আইন-২০১৮ এর বিধি ১৯ (ঙ) অনুযায়ী কৃষক ও ব্যবসায়ীদের সুবিধার্থে যৌক্তিক মূল্য প্রদর্শনের জন্য নিয় প্রয়োজনীয় কৃষিপণ্যের মূল্য তালিকা সম্প্রসারণ প্রদর্শনী বোর্ড গুরুত্বপূর্ণ স্থানসহ জেলার বিভিন্ন বাজারে মোট ১০টি বোর্ড স্থাপন করা হয়েছে। যা নিয়মিত মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়।

সেবা প্রদান প্রতিশুভি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন বিষয়ক আলোচনাঃ সভাপতি মহোদয় জানান, কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চুয়াডাঙ্গা দপ্তরে সেবা প্রদান প্রতিশুভি (সিটিজেন চার্টার) আছে। ওয়েব পোর্টালেও সেটি আপলোড করা আছে। ওয়েবে পোর্টালে সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিভিন্ন ধরণের সেবা যেমন নাগরিক সেবা, দাপ্তরিক সেবা প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

ডি-নথি কার্যক্রম বিষয়ে আলোচনাঃ কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সকল বিষয়ের পত্র ডি-নথির মাধ্যমে প্রেরণ করতে হবে। কৃষি মন্ত্রালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ডি-নথি ব্যবহারের হার ৯০% এর উর্ধ্বে উন্নীত করতে হবে। কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চুয়াডাঙ্গা দপ্তরে ডি-নথিতে ১০০% কাজ সম্পন্ন বিষয়ে আলোচনা করা হয়।

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণ করেন।

  
(মোহাফিজ সহিদুল ইসলাম)  
মাঠ ও বাজার পরিদর্শক

ও  
কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ)  
কৃষি বিপণন অধিদপ্তর  
চুয়াডাঙ্গা।

স্মারক নং- ১২.০২.১৮০০.২০৯.০৬.০০৮.২৪- ১৮৯

তারিখঃ ২৮/০৩/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

০২। উপপরিচালক (উপ-সচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জনাব.....কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

০৪। অফিস কপি।

  
(মোহাফিজ সহিদুল ইসলাম)  
মাঠ ও বাজার পরিদর্শক

ও  
কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ)  
কৃষি বিপণন অধিদপ্তর  
চুয়াডাঙ্গা।